

পরিপত্র

পত্র গ্রহণ নং/তার- ১২০১
গ্রহণ কারীর স্বাক্ষর- ১২/০৭/১৯

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৮.০৩২.০৭.২০১৯/ ১৯৯৩/ বিশেষ


তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৬
১৮ জুলাই ২০১৯

বিষয়: 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি'।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে দেশের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের কর্তৃপক্ষকে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রমের আলোকে ৭ম শ্রেণির শিক্ষার্থীদের বাংলা বিষয়ক পাঠ্যপুস্তকে বর্ণিত বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক শিখনফল অর্জন 'ধারাবাহিক মূল্যায়ন' এর মাধ্যমে নিরূপণ করা প্রয়োজন।

নিম্নোক্ত প্রক্রিয়ায় উল্লিখিত কার্যক্রম সম্পন্ন হবে :

- প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সপ্তম শ্রেণির শিক্ষার্থীদের কয়েকটি দলে বিভক্ত করা হবে। একটি দলে সম্ভাব্য ৮ থেকে ১০ জন শিক্ষার্থী থাকবে। শিক্ষার্থীরা একজন শিক্ষকের নেতৃত্বে সংশ্লিষ্ট এলাকার মুক্তিযোদ্ধা, শহিদ অথবা প্রয়াত মুক্তিযোদ্ধার নিকটজন এবং মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ অঙ্গিতা অর্জনকারী ব্যক্তির কাছে যাবে। তারা 'সম্ভাব্য নমুনা প্রশ্ন' (যা শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অচিরেই সরবরাহ করা হবে) এর আলোকে তাদের সাক্ষাৎকার গ্রহণ করবে। সাক্ষাৎকার গ্রহণ করার সময় কয়েকজন শিক্ষার্থী লিখবে এবং অন্য শিক্ষার্থীরা সাক্ষাৎকারের ভিডিওচিত্র (অনূর্ধ্ব ২০ মিনিট) ধারণ করবে। এছাড়াও ভিডিওচিত্রে বঙ্গবন্ধুর স্মৃতি ও অবদান, রণাঙ্গন, বধ্যভূমি ও মুক্তিযুদ্ধের স্মৃতি বহনকারী যে কোনো বিষয় স্থান পেতে পারে।
- শিক্ষার্থীরা দলগতভাবে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ে গৃহীত এই সাক্ষাৎকারের উপর তৈরিকৃত 'লিখিত প্রতিবেদন' ও 'ভিডিওচিত্র' বাংলা বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষকের নিকট নির্ধারিত সময়ের মধ্যে জমা দেবে - যা শিক্ষার্থীদের জন্য নির্ধারিত ধারাবাহিক মূল্যায়নের অংশ বলে বিবেচিত হবে।
- শিক্ষার্থীদের তৈরিকৃত লিখিত প্রতিবেদন ও ভিডিও চিত্রের কৃতিত্বের উপর বাংলা বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক প্রতিটি দলকে নম্বর প্রদান করবেন। দলের সকল সদস্যের জন্য এই নম্বর সমানভাবে প্রযোজ্য হবে। এ কার্যক্রমে মোট ১০ নম্বর (প্রতিবেদনের জন্য ৫ নম্বর এবং ভিডিওচিত্রের জন্য ৫ নম্বর) নির্ধারিত থাকবে। পরবর্তীতে এই কার্যক্রম থেকে প্রাপ্ত নম্বর বাংলা বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের অংশ হিসেবে যোগ হবে। ২০১৯ সালে ৭ম শ্রেণির বাংলা ১ম পত্র বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের নম্বর বিভাজন হবে - শ্রেণির কাজ (বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিবেদন) = ৫, অনুসন্ধান (বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক ভিডিওচিত্র) = ৫, শ্রেণি অভীক্ষা = ১০; মোট ২০ নম্বর।
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সকল প্রতিবেদন ও ভিডিওচিত্রের মূল কপি নিজেদের কাছে সংরক্ষণ করবে। পরবর্তীতে সেগুলো বিজয় দিবসের অনুষ্ঠানে প্রদর্শন করবে এবং ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী দলকে পুরস্কার প্রদান করবে।
- প্রতিষ্ঠান প্রধানগণ শিক্ষকদের সহায়তা নিয়ে শিক্ষার্থীদের কাছ থেকে প্রাপ্ত প্রতিবেদন ও ভিডিওচিত্রসমূহের সেরা অংশগুলোকে সমন্বয় ও সম্পাদনা করে একটি ডকুমেন্টারি (অনূর্ধ্ব ২০ মিনিট) তৈরি করবেন এবং তা উপজেলা কমিটির নিকট প্রেরণ করবেন।
- উপজেলা পর্যায়ে নির্বাচিত সেরা ১টি ডকুমেন্টারি জেলায় এবং জেলা পর্যায়ে নির্বাচিত সেরা ১টি ডকুমেন্টারি অঞ্চলে প্রেরণ করা হবে। অঞ্চল পর্যায়ে প্রাপ্ত ডকুমেন্টারিসমূহের মধ্য থেকে ১ম, ২য় ও ৩য় স্থান নির্ধারণ করে সেরা ৩টি ডকুমেন্টারি জাতীয় পর্যায়ে প্রেরণ করা হবে। জাতীয় পর্যায়ের কমিটি প্রাপ্ত ডকুমেন্টারি থেকে সেরা ১০টিকে বিজয়ী ঘোষণা করবেন।
- জাতীয় পর্যায়ের বিজয়ী হওয়া সেরা ১০টি ডকুমেন্টারি অবলম্বন করে নতুন দুইটি ডকুমেন্টারি নির্মাণ করা হবে।
- ২০২০ সালের ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এই ডকুমেন্টারিগুলো প্রদর্শিত হবে।


প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
ফোন: ৯৫৫৩৫৪২

স্মারক নং-ইউএসইও/দেবী/পঞ্চ/২০১৯/ ১১২ (৬০)
প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ : ২২/০৭/২০১৯ খ্রি।

- ০১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার/.....দেবীগঞ্জ, পঞ্চগড়।
উপরোক্ত পত্রের মর্মানুযায়ী সংযুক্ত সময়সূচী মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। অফিস কপি।
সংযুক্তি : সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা ০১ পাতা।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
দেবীগঞ্জ, পঞ্চগড়।

মোবাইল নং-০১৭১৫০৫১২৩৭

E-mail: usgdehigan@dshe.gov.bd